গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
লাকসাম, কুমিল্লা

জুন ২০২২ মাসে অনুষ্ঠিত লাকসাম উপজেলা পরিষদের মাসিক (৫ম উপজেলা পরিষদের ৩৭তম সভার) সভার কার্যবিবরণী ঃ

সভাপতি : জনাব মোঃ ইউনুছ ভূঁইয়া
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা

সভার তারিখ : ২৭/০৬/২০২২ খ্রি.

সময় : বেলা ১১:০০ ঘটিকা

সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে জুন ২০২২ খ্রি. মাসে অনুষ্ঠিত লাকসাম উপজেলা পরিষদের মাসিক (৫ম উপজেলা পরিষদের ৩৭ তম সভার) সভার কাজ শুরু করেন। তিনি সভার আলোচ্যসূচী মোতাবেক সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লাকে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার অত:পর সভায় অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানিয়ে সভা পরিচালনা করেন।

আলোচ্যসূচি-১ঃ পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ঃ- উপজেলা নির্বাহী অফিসার পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কারও কোন আপত্তি না থাকায় তা গৃহিত ও অনুমোদিত হয়।

আলোচ্যসূচি-২ঃ গত সভায় গৃহিত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা ঃ-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ২.১ | গত সভার গৃহিত সিদ্ধান্ত সমূহের অগ্রগতির বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। গৃহীত সিদ্ধান্ত সমূহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়ন করায় সভার পক্ষ থেকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে ধন্যবাদ জানানো হয়। | ভবিষ্যতে উপজেলা পরিষদের সকল সভার গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের ধারা অব্যাহত রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |

আলোচ্য সূচী-৩ ঃ কমিটির সুপারিশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ:-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৩.১ | গত সভায় কমিটি কর্তৃক সুপারিশকৃত সকল বিষয়াদির বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে কমিটির সুপারিশ গুলো বাস্তবায়ন সম্পন্ন হওয়ায় সন্তোষ প্রকাশ করা হয়। | ১। ভবিষ্যতেও কমিটি কর্তৃক সুপারিশকৃত বিষয়াদির বাস্তবায়নের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |

আলোচ্যসূচি-৪ ঃ মাননীয় উপদেষ্টা মহোদয়ের পরামর্শ নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ঃ-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৪.১ | মাননীয় উপদেষ্টা জনাব মোঃ তাজুল ইসলাম এমপি ও এলজিআরডি মন্ত্রী মহোদয়ের পরামর্শ সমূহ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। মাননীয় উপদেষ্টা মহোদয়ের পরামর্শ সমূহ সর্বসম্মতভাবে বাস্তবায়নে কার্যকরী পদক্ষেপ নেয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। | মাননীয় উপদেষ্টা মহোদয়ের পরামর্শ সমূহ জরুরী ভিত্তিতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার সহ সকল অফিসার, লাকসাম, কুমিল্লা।<br>২। সকল ইউপি চেয়ারম্যান, লাকসাম, কুমিল্লা। |

আলোচ্য সূচী-৫ ঃ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আয়-ব্যয়ের হিসাব :-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৫.১ | উপজেলা নির্বাহী অফিসার ও মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের ২০২১-২০২২ অর্থ বছরের মে-২০২২ মাসের আয়-ব্যয়ের হিসাব সভায় উপস্থাপন করেন।<br>**মে ২০২২ আয় অংশ :**<br>ক) অবশিষ্ট স্থিতি = ১,৬৩,৫৬,৪৭১/-<br>খ)উপজেলা সাব রেজিস্ট্রি অফিস হতে প্রাপ্ত ভূমি উন্নয়ন কর মার্চ =৩২,১৩,২২৭/-<br>গ)উপজেলা সাব রেজিস্ট্রি অফিসহতে প্রাপ্ত ভূমি উন্নয়ন কর এপ্রিল = ১৯,৬৬,০০১/-<br>ঘ) উত্তরদা ইউপি ভূমি অফিস হতে প্রাপ্ত ভূমি উন্নয়ন কর =২১,৩৮৫/-<br>ঙ) আজগরা ইউপি ভূমি অফিস হতে প্রাপ্ত ভূমি উন্নয়ন কর =২৩,৪৯৩/-<br>চ) গোবিন্দপুর ইউপি ভূমি অফিস হতে প্রাপ্ত ভূমি উন্নয়ন কর = ১৯৭৩২/-<br>মোট আয় = ২,১৬,০০,৩০৯/-<br><br>**মে ২০২২ ব্যয় অংশ :**<br>ক) হাট বাজারা ইজার বিজ্ঞপ্তি বাবদ পত্রিকার বিল প্রদান = ২৩,৯২০/-<br>(খ)উপজেলা পরিষদেও জীপ গাড়ি মেরামত = ৩৪,১০০/-<br>(গ) উপজেলা পরিষদের পৌরকর পরিশোধ = ২,০৭,৮০০/-/-<br>(ঘ)উপজেলা পরিষদের ভূমি উন্নয়ন কর পরিশোধ = ৪৮,০০০/-<br>(ঙ) ঈদুল ফিতর/২০২২ উপজেলা পরিষদে নিয়োজিত আনসারদের ভাতা প্রদান = ১৬,৪০০/-<br>চ) উপজেলা উন্নয়ন সহায়তা দরপত্র বিজ্ঞপ্তি পত্রিকার বিল প্রদান = ৮৩,০০৭/-<br>মোট ব্যয় = ৩,৯২,১২৭/-<br>অবশিষ্ট স্থিতি ২,১২,০৮,১৮২/- = (দুই (কোটি বার লক্ষ আট হাজার একশত বিরাশি টাকা ) | ১। উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক উথাপিত আয়-ব্যয়ের হিসাব নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উক্ত আয়-ব্যয় সর্ব সম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লা। |

আলোচ্যসূচি-৬ ঃ সরকারী আইন, চিঠি, প্রজ্ঞাপন ও পরিপত্র অবহিত করণ :-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৬.১ | উপজেলা নির্বাহী অফিসার ও মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা সভায় মে ২০২২ খ্রি. মাসে বিভিন্ন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত আইন, চিঠি, প্রজ্ঞাপন ও পরিপত্রসমূহ সভায় উপস্থাপন করেন। | ১। সরকারী আইন, চিঠি, প্রজ্ঞাপন ও পরিপত্র মোতাবেক কার্যক্রম গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |

আলোচ্যসূচি-৭ ঃ বিভাগীয় আলোচনা:-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৭.১ | **উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ঃ-** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা লাকসাম বলেন, ভিটামিন ক্যাম্পেইন সফলভাবে সম্পন্ন হয়েছে। এক সপ্তাহে ২৭,২৪০ জনকে বুস্টারডোজ দেয়া হয়েছে। বাকই দ: ইউনিয়নে ১৮৯টি টিউবওয়েল পরীক্ষা করে ১৬৮ টিউবওয়েলে আর্সেনিক পাওয়া গেছে। উত্তরদা ইউনিয়নে খিলা বাজারের নিকট রাস্তার মোড়ে বেশি দূর্ঘটনা ঘটছে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সকল ভ্যাকসিনেশন কার্যক্রম চলমান রয়েছে। ঈদে প্রচুর লোক সমাগম হবে তাই স্বাস্থ্য সচেতনতা দরকার এবং মাস্ক ব্যবহার প্রয়োজন। তিনি আরো জানান, আজগরা ইউনিয়নে FWC তে একটি USG machine অব্যবহৃত অবস্থায় পড়ে আছে। এটি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ব্যবহারের নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিষদের দৃষ্টি আর্কষণ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে বাকই দ: ইউপি সহ আর্সেনিক প্রবণ এলাকার টিউবওয়েল পরীক্ষা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর লাকসামকে অনুরোধ জানানো হয়।<br><br>আজগরা ইউনিয়নে অব্যবহৃত USG machine টি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ব্যবহার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপসহকারী প্রকৌশলী ( জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, লাকসাম<br><br>১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, লাকসাম |
| ৭.২ | **উপজেলা যুব উন্নয়ন অফিস:**<br>২০২১-২২ অর্থ বছরে ঋণ বিতরণ ও প্রশিক্ষণ কার্যক্রম শতভাগ লক্ষমাত্রা অর্জিত হয়েছে। বিগত বছরের পরিবার ভিত্তিক ঋণ কর্মসূচীর ২৫,০০০/- টাকা এবং আত্মকর্মে ১৩,০০,০০০/- টাকা ঋণ খেলাপী রয়েছে। ঋণ আদায়ে সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যানদের সহযোগিতা করার অনুরোধ জানান। যুব সংগঠন নিবন্ধনের বিষয়ে ইউপি চেয়ারম্যানদেরকে অবহিত করা হয়েছে। যুব উন্নয়ন কার্যালয় উপজেলা পরিষদের সাবেক নার্সারীর পাশে মজুমদার হাউজে ভাড়া বাসায় স্থানান্তর করা হয়েছে। আগামী ০১/০৭/২০২২ থেকে স্থানান্তরিত অফিসে কার্যক্রম চালু হবে। এছাড়া যুব উন্নয়ন অফিসের সকল স্বাভাবিক কার্যক্রম চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা যুব উন্নয়ন অফিসের চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য যুব উন্নয়ন অফিসার লাকসামকে বলা হয়। | ১। উপজেলা যুব উন্নয়ন অফিসার, লাকসাম, কুমিল্লা। |
| ৭.৩ | **উপজেলা খাদ্য অফিস:**<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক লাকসাম জানান, ২৬/৬/২০২২ পর্যন্ত কৃষকদের নিকট হতে ৮৪ মে.টন ধান ক্রয় করা হয়েছে। গুদামে ধান ক্রয় সকল কৃষকদের জন্য উন্মুক্ত করা হয়েছে। খাদ্য বান্ধব কর্মসূচীর (১০ টাকার চাল) ডাটাবেইজ আপডেটের শেষ সময়সীমা ১৫/৭/২০২২ তারিখ পর্যন্ত। এ বিষয়ে ইউপি চেয়ারম্যাদের সহযোগিতা কামনা করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে লক্ষ্যমাত্রা অনুযায়ী কৃষকদের নিকট থেকে ধান সংগ্রহের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক লাকসামকে অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক লাকসাম, |

| | | | |
|---|---|---|---|
| ৭.৪ | **উপজেলা কৃষি অফিস ঃ**<br>উপজেলা কৃষি অফিসার লাকসাম বলেন, সরকারের নির্দেশনা অনুযায়ী কোন জমি যাতে পতিত না থাকে সে লক্ষ্যে কৃষি অফিস কাজ করে যাচ্ছে। কৃষি অফিসের মাধ্যমে কৃষকদের বিনামূল্যে সার, বীজ, বিতরণ করা হচ্ছে। কৃষকদের পণ্য বাজারজাতকরণের জন্য একসাথে ০৫টি পিক দেওয়া হবে বলে সভাকে জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা কৃষি অফিসের কার্যক্রম চলমান রাখার জন্য উপজেলা কৃষি অফিসার লাকসামকে বলা হয়। | উপজেলা কৃষি অফিসার, লাকসাম। |
| ৭.৫ | **উপজেলা প্রকৌশলী অফিস:**<br>ক) উপজেলা পরিষদ উন্নয়ন সহায়তা থোক বরাদ্দ বাবদ প্রাপ্ত ১৫০.০৭ লক্ষ টাকা ও রাজস্ব উদ্বৃত্ত হতে উন্নয়ন খাতে স্থানান্তরিত ৯২ লক্ষ টাকা অর্থাৎ মোট ২৪২.০৭ টাকা চলতি অর্থ বছরে উপজেলাধীন বিভিন্ন ইউনিয়নে উন্নয়ন কাজ বাস্তবায়নের জন্য বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দকৃত অর্থের মধ্যে ২৪২.০৬৯ লক্ষ টাকা ব্যয়ে খাত ওয়ারী বিভিন্ন উন্নয়নমূলক কাজ বাস্তবায়ন করা হয়েছে। বাস্তবায়নকৃত কাজের তালিকা অদ্যকার সভায় উপস্থাপন করা হলো। স্কিমওয়ারি কাজ বাস্তবায়নের পদ্ধতি, প্রাক্কলিত ব্যয়, দরপত্র মূল্যায়ন প্রতিবেদন, চুক্তিমূল্য, পিআইসি কমিটিসহ আনুসাঙ্গিক বিষয়াদি সময়, সময়ে উপজেলা পরিষদ সভায়/চেয়ারম্যান, উপজেলা পরিষদ মহোদয় কর্তৃক মনোনয়ন প্রদান করা হয়েছে। উক্ত বিষয়াদি নিরীক্ষা ও যাচাই-বাছাইয়ান্তে অদ্যকার সভায় গ্রহণ তথা প্রয়োজনে ভূতাপেক্ষা অনুমোদন প্রদান করা যেতে পারে। | ক) সার্বিক সকল বিষয়াদি যাচাইয়ান্তে পরিশিষ্ট-খ তে সংযুক্ত স্কিম/প্যাকেজ অনুযায়ী কাজ বাস্তবায়নের পদ্ধতি, প্রাক্কলিত ব্যয়, দরপত্র মূল্যায়ন প্রতিবেদন, চুক্তিমূল্য, পিআইসি কমিটি অনুমোদন/ভূতাপেক্ষা অনুমোদন প্রদান করা হলো। | ১। উপজেলা চেয়ারম্যান<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>৩।উপজেলা প্রকৌশলী |
| | খ) স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের অভিপ্রায় অনুযায়ী চলতি ২০২১-২২ অর্থ বছরে ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা থোক বরাদ্দ বাবদ দুই ধাপে মোট ১০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়। বরাদ্দকৃত অর্থ সকল ইউনিয়নের চেয়ারম্যানগণের সমন্বয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুসারে উপজেলা পরিষদ যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন বিষয়ক কমিটি'র সুপারিশ অনুযায়ী স্কিম গ্রহণ ও আরএফকিউ পদ্ধতিতে কাজ বাস্তবায়ন করা হয়েছে। গৃহিত সকল স্কিম ও তা প্যাকেজ অনুযায়ী বাস্তবায়ন পদ্ধতি অদ্যকার সভায় উপস্থাপন করা হলো। যাচাই-বাছাইয়ান্তে অদ্যকার সভায় তা গ্রহণ তথা ভূতাপেক্ষা অনুমোদন প্রদান করা যেতে পারে।, | খ) সার্বিক সকল বিষয়াদি যাচাইয়ান্তে পরিশিষ্ট-গ তে সংযুক্ত স্কিম/প্যাকেজ অনুযায়ী কাজ বাস্তবায়নের পদ্ধতি, প্রাক্কলিত ব্যয়, দরপত্র মূল্যায়ন প্রতিবেদন, চুক্তিমূল্য, ভূতাপেক্ষা অনুমোদন প্রদান করা হলো। | ১। উপজেলা চেয়ারম্যান<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>৩।উপজেলা প্রকৌশলী |
| | গ) লাকসাম উপজেলা পরিষদ কম্পাউন্ড এলাকার পরিকল্পিত উন্নয়নের জন্য পুরাতন স্থাপনা অপসারণার্থে স্থানীয় সরকার বিভাগে প্রস্তাব প্রেরণ করা হলে DAE, BADC, BRDB, পল্লী সঞ্চয় ব্যাংক এবং ইসলামিক ফাউন্ডেশানের আওতাধীন ভবন অপসারণে উক্ত প্রতিষ্ঠানসমূহের অনাপত্তি পত্র প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। অদ্যবধি সংশ্লিষ্ট দপ্তরসমূহ হতে অনাপত্তি পাওয়া যায় নাই। এ বিষয়ে অদ্যকার সভা হতে সংশ্লিষ্ট দপ্তরসমূহের দৃষ্টি আর্কষণ করা হলো। | গ) DAE, BADC, BRDB, পল্লী সঞ্চয় ব্যাংক এবং ইসলামিক ফাউন্ডেশানের আওতাধীন ভবনসমূহ অপসারণে অনাপত্তি প্রদানে সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাগণ দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | সংশ্লিষ্ট উপজেলা কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| ৭.৬ | **ইউডিএফ ঃ**<br>ইউডিএফ লাকসাম বলেন, ইউজিডিপি প্রকল্পের ৫ম রাউন্ডের অবকাঠামো উপপ্রকল্প বাস্তবায়নের কাজ চলমান রয়েছে। উপ-প্রকল্পগুলো বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ-<br>ক) বরইগাঁও বালিকা উচ্চ বিদ্যালয়ে গার্লস ফ্যাসিলিটিজ রুম নির্মাণের গ্রেট বিম পর্যন্ত ঢালাই সম্পন্ন হয়েছে।<br>খ) ইরুয়াইন দাখিল মাদ্রাসায় আইসিটি ল্যাব স্থাপনের কাজ ঈদুল আযহার পর কাজ শুরু করবে বলে ঠিকাদার জানিয়েছে।<br>গ) বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠা আসবাবপত্র (উচু-নিচু বেঞ্চ) সরবরাহের লক্ষ্যে ঠিকাদারকে কার্যাদেশ প্রদান করা হয়েছে।<br>উপজেলা ওয়েব পোর্টাল হালনাগাদ করার ক্ষেত্রে মেহেরপুর জেলার সুজানগর উপজেলার ওয়েব পোর্টাল অনুসরণ করার জন্য প্রকল্প ব্যবস্থা ইউনিট থেকে পরামর্শ দেয়া হয়েছে। উপজেলা পরিষদের পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রণয়নের জন্য সভার দৃষ্টি আকর্ষণ করা করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে ইউজিডিপি প্রকল্পের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানানো হয়।<br>উপজেলা পরিষদের পঞ্চবার্ষিকী তৈরির লক্ষ্যে দ্রুত কমিটি করা হবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকৌশলী |
| ৭.৭ | **উপজেলা বিআরডিবি অফিস ঃ**<br>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, লাকসাম জানান, অত্র দপ্তরের ঋণ বিতরণ, ঋণ আদায়, শেয়ার এবং সঞ্চয় আদায় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা বিআরডিবি অফিসের কার্যক্রম অব্যাহত রাখার জন্য পল্লী উন্নয়ন অফিসার লাকসামকে বলা হয়। | ১।উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, লাকসাম |
| ৭.৮ | **উপজেলা প্রাণী সম্পদ অফিস:**<br>উপজেলা প্রাণী সম্পদ অফিসার লাকসাম বলেন, কুরবানীর হাটে ভেটোনারী মেডিক্যাল টিমের জন্য নির্দিষ্ট স্থানে বসে সেবা দেওয়ার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান এবং সংশ্লিষ্ট ইজাদারদের অনুরোধ জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে প্রাণী সম্পদ অফিসের কার্যক্রম অব্যাহত রাখার জন্য প্রাণী সম্পদ অফিসার লাকসামকে বলা হয়। | ১। উপজেলা প্রাণী সম্পদ অফিসার, লাকসাম, কুমিল্লা। |
| ৭.১০ | **মহিলা বিষয়ক অফিস:**<br>মহিলা বিষয়ক কর্মকর্তা, লাকসাম বলেন, ২০২১-২২ চক্রের ভিজিডি জুন/২০২২ খ্রি. মাসের খার্দ্য অর্পনাদেশ প্রদান করা হয়েছে। ২০২১-২২ অর্থ বছরের দরিদ্র মায়ের জন্য মাতৃত্ব ভাতা কর্মসূচীর জুন/২০২২ পর্যন্ত ভাতা প্রদান করা হয়েছে। ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল (পৌরসভার জন্য) জুন/২২ মাস পর্যন্ত উপকারভোগীদের ভাতা প্রদান করা হয়েছে। আইজিএ প্রশিক্ষণের ১৬ ও ১৭ ব্যাচ অনলাইন আবেদন সম্পন্ন হয়েছে। কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে মহিলা বিষয়ক অফিসের কার্যক্রম অব্যাহত রাখার জন্য মহিলা বিষয়ক অফিসার লাকসামকে বলা হয়। | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, লাকসাম। |

| | | | |
|---|---|---|---|
| ৭.১১ | **জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:**<br>উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, লাকসাম বলেন,পানি সরবরাহ আর্সেনিক ঝুঁকি নিরসনের আওতায় লাকসাম উপজেলার ০৮টি ইউনিয়নে ২০,০০০ পানির উৎসে পানির পরীক্ষা করা হবে। শীঘ্রই এই কাজ শুরু হবে বলে তিনি জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে আর্সেনিক পরীক্ষা দ্রুত শুরু করার জন্য উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, লাকসামকে বলা হয়। | ১। উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, লাকসাম |
| ৭.১১ | **উপজেলা সমাজসেবা অফিস:**<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা লাকসাম বলেন,২০২১-২২ অর্থবছরে সামাজিক নিরাপত্তা কর্মসূচীর ১৫১৮৯ জনের মাসিক ভাতা প্রেরণ করা হয়েছে। ইতোমধ্যে অধিকাংশ উপকারভোগী অর্থ পেয়েছেন। ২০২২-২৩ অর্থ বছরে যাতে কোন মৃত ভাতাভোগীর মোবাইলে টাকা না যায়, সেজন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষণ করেন। আগামী ১৫/০৭/২০২২ তারিখের মধ্যে মৃত ভাতাভোগী প্রতিস্থাপন তালিকা সমাজসেবা কার্যালয়ে প্রেরণ করার অনুরোধ জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা সমাজসেবা কার্যালয়ের কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা সমাজসেবা অফিসার লাকসামকে বলা হয়। | ১। উপজেলা সমাজসেবা অফিসার |
| ৭.১২ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস:**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা-খাদ্যশস্য/নগদ অর্থ) কর্মসূচির আওতায় সাধারণ/নির্বাচনী এলাকা ভিত্তিক ১ম ও ২য় পর্যায়ের কাজ (চাল/গম/টাকা) ইতিমধ্যে শেষ হয়েছে। | প্রকল্পের কাজের জন্য উত্তোলিত (নগদ টাকা/গম/চাল)শ্রমিকদের মধ্যে বিতরণকৃত টাকা/গম/চালের মাষ্টাররোল প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ে প্রেরণের জন্য এবং প্রতিবেদন দেওয়ার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান ও প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতিগণকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম।<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>৩। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |
| | ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর-নগদ অর্থ) কর্মসূচির আওতায় সাধারণ/নির্বাচনী এলাকা ভিত্তিক ১ম,২য় ও ৩য় পর্যায়ের কাজ (টাকা) ইতিমধ্যে শেষ হয়েছে। কাজের অগ্রগতি ১০০%। | প্রকল্পের কাজের জন্য উত্তোলিত টাকা শ্রমিকদের মধ্যে বিতরণকৃত টাকার মাষ্টাররোল। প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ে প্রেরণের জন্য এবং প্রতিবেদন দেওয়ার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান ও প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতিগণকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম।<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>৩। সংশ্লিষ্ট মেয়র। |
| | ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর-নগদ অর্থ) কর্মসূচির আওতায় পৌরসভাওয়ারী ১ম, ২য় ও ৩য় পর্যায়ের কাজ ইতিমধ্যে শেষ হয়েছে। কাজের অগ্রগতি ১০০%। | প্রকল্পের কাজের জন্য উত্তোলিত টাকা শ্রমিকদের মধ্যে বিতরণকৃত টাকার মাষ্টাররোল। প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ে প্রেরণের জন্য এবং প্রতিবেদন দেওয়ার জন্য সংশ্লিষ্ট মেয়র ও প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতিগণকে অনুরোধ করা হয়। | |
| | ২০২১-২০২২ অর্থ বছরে অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি ইজিপিপি-১ম পর্যায়ের কাজ হয়েছে। কাজের অগ্রগতি ৯১.৫২%। | প্রকল্প সমূহের চূড়ান্ত প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম।<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>৩। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |

| | | | |
|---|---|---|---|
| | ২০২১-২০২২ অর্থ বছরে অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি ইজিপিপি-২য় পর্যায়ে ২৮টি প্রকল্পের কাজ শুরু গত ০৯/০৫/২০২২খ্রি.তারিখ হতে ০৮/০৬/২০২২খ্রি.পর্যন্ত শেষ হয়েছে। মোট কাজ হয় = ২৩দিন কাজের অগ্রগতি ৫৫.৫১%।,২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসই করণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ(১ম পর্যায়) প্রকল্পের কাজ ইতিমধ্যে ১০০% সম্পন্ন করা হয়েছে।<br>২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসই করণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ (২য় পর্যায়) প্রকল্পের কাজ চলমান। ইতোমধ্যে ৮০% কাজ সম্পন্ন হয়েছে। | গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসই করণের লক্ষ্যে হেরিং বোন বন্ড(এইচবিবি) করণ (১ম ও ২য় পর্যায়) প্রকল্পের কাজ সংশ্লিষ্ট ঠিকাদারি প্রতিষ্ঠানকে ১০০% সম্পন্ন করা জন্য অনুরোধ করা হয় | ১। উপজেলা নির্বাহী অফিসার,লাকসাম।<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>৩। সংশ্লিষ্ট ঠিকাদারি প্রতিষ্ঠান |

আলোচ্য সূচী-৮ ঃ ইউপি সমস্যা (যদি থাকে) সংক্রান্ত আলোচনা

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৮.১ | **গোবিন্দপুর: ইউপি সংক্রান্ত ঃ**<br>চেয়ারম্যান গোবিন্দপুর ইউনিয়ন পরিষদ, লাকসাম বলেন, সমাজসেবা অফিসে বিভিন্ন ভাতাভোগীর হয়রানি দূর করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে সমাজসেবা অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া ডাকাতিয়া নদীতে বাধ নির্মাণ করে মাছ ধরার কারণে পানি নিষ্কাশনে বাধাগ্রস্থ হচ্ছে এ বিষয়ে ব্যবস্থা নেওয়ার জন্য উপজেলা মৎস্য অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে সমাজসেবা অফিসের ভাতভোগীর কাজ এবং ডাকাতিয়া নদীতে মাছ ধরার বিষয়ে প্রয়োজনী ব্যবস্থা গ্রহণের জন্য সমাজসেবা অফিসার এবং সিনিয়র মৎস্য কর্মকর্তা লাকসামকে বলা হয়। | ১। উপজেলা সিনিয় মৎস্য কর্মকর্তা<br>২। উপজেলা সমাজসেবা অফিসার |

আলোচ্য সূচী- ঃ ৯ ঃ বিবিধ আলোচনা ঃ-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৯.১ | **উপজেলা পরিষদের মুখ্য নির্বাহী কর্মকর্তার বক্তব্যঃ**<br>উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা পরিষদের মুখ্য নির্বাহী কর্মকর্তা বলেন, ২০২১-২২ অর্থবছর প্রায় শেষ। চলমান কাজগুলো দ্রুত সময়ে সম্পাদনের জন্য সকল অফিসারদের দৃষ্টি.আকর্ষণ করেন।<br>তিনি আরো জানান, উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের উদ্বৃত্ত টাকা জুলাই মাসের প্রথম সপ্তাহে উন্নয়ন জমা তহবিলে স্থানান্তরের নির্দেশনা রয়েছে। সে প্রেক্ষিতে জুন মাসের আয় ব্যয়ের হিসেব শেষে উদ্বৃত অর্থ উপজেলা উন্নয়ন জমা,তহবিলে স্থানান্তর করা হবে বলে সভাকে জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলার সকল দপ্তরের দাপ্তরিক কার্যক্রম জুনের মধ্যে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২০২১-২২ অর্থবছরের ব্যয় সম্পাদন করে উপজেলা রাজস্ব তহবিলের অবশিষ্ট টাকা উপজেলা উন্নয়ন তহবিলে স্থানান্তরের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। কর্মকর্তা, সকল লাকসাম<br>১। চেয়ারম্যান উপজেলা পরিষদ, লাকসাম<br>২। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম |
| ৯.২ | **চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম :**<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি উপজেলা পরিষদ বলেন, জনপ্রতিনিধি এবং অফিসার সকলের সমন্বয়ের মাধ্যমে সরকারি সেবা এবং সরকারের সকল উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন হয়। এখানে একে অপরের পরিপূরক হিসেবে কাজ করতে হবে বলে সকলকে নির্দেশনা দেন। | বিস্তারিত আলোচনান্তে ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা অর্জনে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক লাকসামকে বলা হয়। | ১। উপজেলা কৃষি অফিসার<br>২। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, লাকসাম |

| | | | |
|---|---|---|---|
| | উপজেলার বিভিন্ন উন্নয়ন কার্যক্রম চলমান রয়েছে। অর্থবছর প্রায় শেষের দিকে। জুনের মধ্যে প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা দেন | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলার সকল চলমান প্রকল্পগুলো দ্রুত বাস্তবায়নের জন্য সংশ্লিষ্টদের বলা হয়এ | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ, লাকসাম<br>২। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম<br>৩। উপজেলা প্রকৌশলী |

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি ও উপজেলা পরিষদ চেয়ারম্যান উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ ইউনুছ ভূঁইয়া)
সভাপতি
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
লাকসাম, কুমিল্লা।

স্মারক নম্বর-০৫.৪২.১৯৭২.০০৬.০০.০১৩.২০২২- ৪৬৭ তারিখঃ ১৩ আষাঢ় ১৪২৯
২৭ জুন ২০২২

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১। জনাব মোঃ তাজুল ইসলাম, এমপি ও মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম।
০৪। জেলাপ্রশাসক, কুমিল্লা।
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, কুমিল্লা।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।
০৭। উপজেলা ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।

অনুলিপি অবগতি ও অবগতি-কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

০৮। উপজেলা ................অফিসার (সকল), লাকসাম, কুমিল্লা।
০৯। চেয়ারম্যান, ......................................ইউনিয়ন পরিষদ (সকল), লাকসাম, কুমিল্লা।
১০। উদ্যোক্তা, উপজেলা ডিজিটাল সেন্টার, লাকসাম (ওয়েবপোর্টালে প্রকাশের জন্য)
১১। অফিস কপি।

29106/22
( মাহফুজা মতিন )
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
লাকসাম, কুমিল্লা।